

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৯. কংকর দ্বারা তাসবীহ পাঠ করা প্রসঙ্গে

باب التَّسْبِيح بِالْحَصَى

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّتَنَا عَبْدُ اللهِ بْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، أَنَّ سَعِيدَ بْنَ أَبِي هِلَالٍ، حَدَّتَهُ عَنْ خُزَيْمَةً، عَنْ عَائِشَةَ بِنْتِ سَعْدِ بْنِ أَبِي وَقَاصٍ، عَنْ أَبِيهَا، أَنَّهُ دَخَلَ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم عَلَى امْرَأَةٍ وَبَيْنَ يَدَيْهَا نَوًى أَوْ حَصَى تُسَبِّحُ بِهِ فَقَالَ " رَسُولِ اللهِ صلى الله عليه وسلم عَلَى امْرَأَةٍ وَبَيْنَ يَدَيْهَا نَوًى أَوْ حَصَى تُسبِّحُ بِهِ فَقَالَ " أُخْبِرُكِ بِمَا هُوَ أَيْسَرُ عَلَيْكِ مِنْ هَذَا أَوْ أَفْضَلُ " . فَقَالَ " سُبْحَانَ اللهِ عَدَدَ مَا خَلَقَ فِي الشَّمَاءِ وَسُبْحَانَ اللهِ عَدَدَ مَا خَلَقَ فِي الأَرْضِ وَسُبْحَانَ اللهِ عَدَدَ مَا خَلَقَ بَيْنَ ذَلِكَ وَسُبْحَانَ اللهِ عَدَدَ مَا خَلَقَ بَيْنَ ذَلِكَ وَسُبْحَانَ اللهِ عَدَدَ مَا هُوَ خَالِقٌ وَاللهُ أَكْبَرُ مِثْلُ ذَلِكَ وَالْحَمْدُ للهِ مِثْلُ ذَلِكَ . وَلَا إِلَهَ إِلَا اللهُ مِثْلُ ذَلِكَ وَالْحَمْدُ للهِ مِثْلُ ذَلِكَ . وَلَا إِلَهَ إِلَا اللهُ مِثْلُ ذَلِكَ . وَلَا حَوْلَ وَلَا قُوةَ إِلَا بِاللهِ مِثْلُ ذَلِكَ ".

_ ضعيف

বাংলা

১৫০০। 'আয়িশাহ বিনতু সা'দ (রাঃ) হতে তার পিতার সুত্রে বর্ণিত। একদা তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে এক মহিলার কাছে গিয়ে তার সম্মুখে খেজুর বিচি অথবা কংকর দেখতে পেলেন। মহিলাটি ওগুলোর সাহায্যে তাসবীহ পাঠ করছিলো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি কি তোমাকে এর চাইতে অধিক সহজ ও উত্তম পদ্ধতি জানাবো না! ''আকাশের সমস্ত সৃষ্টির সংখ্যা পরিমাণ সুবহানাল্লাহ এবং যমীনের সমস্ত সৃষ্টির সংখ্যা পরিমাণ সুবহানাল্লাহ। আকাশ ও যমীনের মাঝে যা কিছু রয়েছে সে পরিমাণ সুবহানাল্লাহ এবং অনুরূপ সংখ্যক আল্লাহু আকবার, আলহামদু লিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ এবং লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।"[1]

দুৰ্বল।



English

Narrated Sa'd ibn AbuWaqqas:

Once Sa'd, with the Messenger of Allah (), visited a woman in front of whom were some date-stones or pebbles which she was using as a rosary to glorify Allah. He (the Prophet) said: I tell you something which would be easier (or more excellent) for you than that. He said (it consisted of saying): "Glory be to Allah" as many times as the number of that which He has created in Heaven; "Glory be to Allah" as many times as the number of that which He has created on Earth; "Glory be to Allah" as many times as the number of that which He has created between them; "Glory be to Allah" as many times as the number of that which He is creating; "Allah is most great" a similar number of times; "Praise (be to Allah)" a similar number of times; and "There is no god but Allah" a similar number of times.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : দা'ওয়াত অনুঃ প্রত্যক ফার্য সালাতে নাবী সাঃ-এর দু'আ ও আশ্রয় প্রার্থনা, হাঃ ৩৫৬৮) ইবনু ওয়াহাব হতে , ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান গরীব)। এর সনদে খুযাইমাহ রয়েছে। হাফিয আত-তাক্করীব' গ্রন্থে বলেন : 'আয়িশাহ বিনতু সা'দ হতে খুযাইমাহকে চেনা যায়নি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন